

=০১=
ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০২। পূর্বানুমোদিত দরের কপি।
০৩। কাজের ছবি।
০৪। প্রস্তুতকৃত প্রাক্কলন।
০৫। প্রতিবেদন।

বিষয়: Repairing of HDPE Water Line Leakage & Removal of dirty Water In Front of Plot # 37, Fashertek Road, Vatara (DMA-803) under MODS Zone-8, Dhaka WASA.

০১। উপর্যুক্ত সংযুক্তি গুলো অনুগ্রহ করে দেখা যেতে পারে ও উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলাকাবাসী কর্তৃক মডস জোন-৮ এর ডিএমএ নং-৮০৩ এর আওতাধীন ভাটারা, ফাঁসেরটেক রোডের প্লট নং ৩৭ এর সামনে পানির লাইন লিকেজের একটি মৌখিক অভিযোগ পাওয়া যায়। সেই অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হচ্ছে এবং পানির লাইনে যখন পানির প্রেসার কম থাকে তখন ড্রেন হতে ময়লা পানি ঢাকা ওয়াসার পানির লাইনে প্রবেশ করে। যার ফলে আলোচ্য এলাকা থেকে ময়লা ও দুর্গন্ধযুক্ত পানি পাওয়ার অনেক অভিযোগ আসছে। উল্লেখ্য যে, উক্ত পানির লাইনের মাধ্যমে ফাঁসেরটেক, নয়ানগর, ঢালীবাড়ি ও বেপারিবাড়ি এলাকায় পানি সরবরাহ করা হয় বিধায় জরুরি ভিত্তিতে পানির লাইনের লিকেজ মেরামত করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে লিকেজের কাজটি সম্পাদনের জন্য অতি জরুরি ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হলো। যার টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳-৪৯,৯৫০.৫৩৬/- (উনপঞ্চাশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক পাঁচ তিন ছয়) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষন খাতের কোড নং(০১-০৪-০০১) এবং ক্রমিক নং-১.৬৯ খোক বরাদ্দ হতে ব্যয় নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, মডস জোন-৮ এর ডিএমএ নং- ৮০৩ এর আওতাধীন ভাটারা, ফাঁসেরটেক রোডের প্লট নং ৩৭ এর সামনে পানির লাইনের লিকেজ মেরামত ও ময়লা পানি নিরসন করণ কাজের জন্য সর্বমোট ৳-৪৯,৯৫০.৫৩৬/- (উনপঞ্চাশ হাজার নয়শত পঞ্চাশ দশমিক পাঁচ তিন ছয়) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর-২০২৫ এর ৯৯(১)ড বিধি অনুযায়ী আয়াত এন্টারপ্রাইজ এর মাধ্যমে ডিপিএম পদ্ধতিতে সম্পন্ন করার লক্ষ্যে নথিখানা অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর সদয় প্রেরণ করা যেতে পারে।

আব্দুল বেলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

তুষার চন্দ্র বর্মণ
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SG MODS-2

০৬।
আলমগীর হাফিজ আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।